

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩৮৫

পর্ব-১৪: গোলাম মুক্তিকরণ (১য়০ ১য়০)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

আরবী

وَعَن عَمْرِو بِن عِبِسِة أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ بَنَى مَسْجِدًا لِيُذْكَرَ اللَّهُ فِيهِ بُنِيَ لَهُ بَيْتٌ فِي الْجَنَّةِ وَمَنْ أَعْتَقَ نَفْسًا مُسْلِمَةً كَانَتْ فِدْيَتَهُ مِنْ جَهَنَّمَ. وَمَنْ شَابَ شَيْبَةً فِي سَبِيلِ اللَّهِ كَانَتْ لَهُ نُورًا يَوْم الْقِيَامَة». رَوَاهُ فِي شرح السّنة

বাংলা

৩৩৮৫-[8] 'আমর ইবনু 'আবাসাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহ তা'আলার জিকির-আফ্লারের (তথা সালাত, কুরআন তিলাওয়াত, খুৎবা ইত্যাদি) উদ্দেশে মসজিদ নির্মাণ করল। তার জন্য জান্নাতে একটি (বৃহদাকার) গৃহ নির্মিত হবে। আর যে ব্যক্তি কোনো মুসলিম গোলাম মুক্ত করবে, তার বিনিময় তার জন্য জাহান্নাম হতে মুক্তিপণ হিসেবে পরিগণিত হবে। আর যে ব্যক্তি আল্লাহর পথে (জিহাদ, 'ইলম অর্জন, দা'ওয়াত-তাবলীগে ব্যস্ততায়) বয়োপ্রাপ্ত হয়েছে, তার বিনিময় তার জন্য কিয়ামত দিবসে জ্যোতি হবে। (শারহুস্ সুন্নাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ: আহমাদ ১৯৪৪০, শারহুস্ সুন্নাহ্ ২৪২০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মিরকাতুল মাফাতীহে আছে, (بُنِيَ لَهُ بَيْتٌ فِي الْجَنَّةِ) জান্নাতের মধ্যে একখানা ঘর তৈরি করা হবে তথা জান্নাতে মসজিদের স্থানের পরিমাপের চেয়ে অনেক বড় ঘর বানানো হবে।

(وَمَنْ شَابَ شَيْبَةً فِيْ سَبِيلِ اللهِ) "যে বার্ধক্য হবে আল্লাহর পথে" যুদ্ধের ময়দানে অথবা হজে/হজে অথবা 'ইলম অর্জনের অথবা ইসলামে বা অন্য বর্ণনা দ্বারা প্রমাণিত।

আর অন্য বর্ণনায়, 'আলী হতে আহমাদ, বুখারী, মুসলিম ও তিরমিয়ী হতে এ শব্দে لِيُبْتَغِي بِه صَافِحِدًا يَبْتَغِي بِه



قَ اللَّهِ بَنَى اللَّهُ لَه مِثْلَه فِي الْجَنَّةِ » যে ব্যক্তি মসজিদে বানালো শুধু যা দ্বারা আল্লাহর সন্তুষ্টি কামনা করে আল্লাহ অনুরূপ জাহান্নামে তার জন্য ঘর বানাবেন।

আর 'আব্বাস (রাঃ)-এর বর্ণনায় এসেছে, مَنْ بَنَى لِلهِ مَسْجِدًا وَلَوْ كَمِفْحَصِ قَطَاةٍ لِبَيْضِهَا بَنَى اللهُ لَه بَيْتًا فِي व्य त्रांक আল্লাহর জন্য মসজিদ বানায় যদি তা ডিম পড়ার মতো স্থান হয় আল্লাহ তা আলা তার জন্য জালাতে ঘর বানাবেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবন আবাসা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন